

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.৬৫৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫

১১ ডিসেম্বর ২০১৮

বিষয়: লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন আদিতমারী আলিম মাদ্রাসার সহকারী সুপার জনাব সুলতানা মেহের আফরুজা এর সহকারী সুপার পদের অভিজ্ঞতা গণনার তারিখ নির্ধারণ প্রসঙ্গে।

সূত্র: (১) সহকারী সুপার জনাব সুলতানা মেহের আফরুজা এর আবেদন তারিখ: ১৭.০৯.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন আদিতমারী আলিম মাদ্রাসার সহকারী সুপার জনাব সুলতানা মেহের আফরুজা কর্তৃক সহকারী সুপার পদের অভিজ্ঞতা গণনার তারিখ নির্ধারণের নিমিত্ত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একখানা আবেদন করা হয়।

০২. প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব সুলতানা মেহের আফরুজা বর্ণিত মাদ্রাসায় (মাদ্রাসাটি যখন দাখিল ছিল) সহকারী সুপার পদে ১৫.০৭.২০০৪ খ্রি: তারিখে যোগদান করেন এবং ০১.০৯.২০০৫ খ্রি: তারিখ হতে এমপিওভুক্ত হন।

০৩. সহকারী সুপার পদে যোগদান কালে বর্ণিত শিক্ষকের (সুলতানা মেহের আফরুজা) ২৪.১০.১৯৯৫ খ্রি: তারিখের জনবল কাঠামো অনুযায়ী ০৫ বছরের কাম্য অভিজ্ঞতা না থাকায় বিধি অনুযায়ী ১১ নং কোডে এমপিওভুক্ত হন। উক্ত এমপিও শীটে সহকারী মৌলভী পদবী মুদ্রিত হয় মর্মে জানা যায়।

০৪. প্রাপ্ত কাগজপত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, সহসুপার পদে এমপিওভুক্তির তারিখ থেকে ০৫ বছরের কাম্য অভিজ্ঞতা অর্জন করায় জনাব সুলতানা মেহের আফরুজাকে মাউশি অধিদপ্তর কর্তৃক ০১.১১.২০০৯ খ্রি: তারিখ থেকে সহ সুপারের নির্ধারিত কোডে অর্থাৎ ১০ কোডে বেতন ভাতাদি (এমপিও) প্রদান করা হয়।

০৫. উল্লেখ্য যে, সহ সুপারের নির্ধারিত কোড অর্থাৎ ১০ কোডে জনাব সুলতানা মেহের আফরুজাকে ০১.১১.২০০৯ খ্রি: তারিখ থেকে বেতন ভাতাদি (এমপিও) প্রদান করা হলেও এমপিও শীটে সহকারী সুপার মুদ্রন না হয়ে সহকারী মৌলভীই থেকে যায়।

০৬. ০৪.০২.২০১০ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো (যা ২৪.০৩.২০১৩ খ্রি: তারিখে সংশোধন করা হয়) এর জৈষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ সংক্রান্ত ১৩ নং অনুচ্ছেদে নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

“শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জৈষ্ঠতা ও অভিজ্ঞতা তাঁদের প্রথম এমপিওভুক্তির তারিখ হতে গননা করা হয়”।

০৭. জনাব সুলতানা মেহের আফরুজা সহ সুপার পদে চাকুরীতে প্রবেশ করলেও সহ সুপারের একধাপ নীচে অর্থাৎ ১১ কোডে প্রথম এমপিওভুক্ত হন। পরবর্তীতে ০৫ বছরের কাম্য অভিজ্ঞতা পূর্ণ হলে ০১.১১.২০০৯ খ্রি: তারিখে সহ সুপারের স্কেল প্রাপ্ত হন অর্থাৎ ১০ কোড প্রাপ্ত হন। কিন্তু এমপিও শীটে সহ সুপার পদবী মুদ্রন করা হয়নি, যা মুদ্রন জনিত ভুল বলে প্রতীয়মান হয়।

০৮. প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনায় আরো দেখা যায় যে, ০১.০১.২০১৮ খ্রি: তারিখ হতে এমপিও শীটে সহ সুপারের পদবী মুদ্রনক্রমে জনাব সুলতানা মেহের আফরুজাকে সহ সুপারের কোড অর্থাৎ ০৮ কোডে বেতন ভাতা প্রদান করা হচ্ছে।

০৯. যেহেতু জনাব সুলতানা মেহের আফরুজা ০১.১১.২০০৯ খ্রি: তারিখ হতে সহ সুপারের কোডে বেতন ভাতাদি (এমপিও) পাচ্ছেন (যদিও ভুলক্রমে এমপিও শীটে সহ সুপার পদবী মুদ্রন হয়নি) সেহেতু ০১.১১.২০০৯ খ্রি: তারিখ হতে তাঁর সহ সুপারের অভিজ্ঞতা গণনাযোগ্য বলে প্রতীয়মান হয়।

১০. এমতাবস্থায়, লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলাধীন আদিতমারী আলিম মাদ্রাসার সহকারী সুপার জনাব সুলতানা মেহের আফরুজা এর সহকারী সুপার পদের অভিজ্ঞতা ০১.১১.২০০৯ খ্রি: তারিখ হতে গণনা করা যায় মর্মে বিবেচিত হয়। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে এ বিষয়ে অবহিত করা হলো।



১২-১২-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ০২-৪১০৩০১৬৭

সুলতানা মেহের আফরুজা, সুপার (ভারপ্রাপ্ত)  
আদিতমারী আলিম মাদ্রাসা ডাক: ও উপজেলা: আদিতমারী,  
জেলা: লালমনিরহাট।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.৬৫৮/১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৫  
১১ ডিসেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
- ৩) সভাপতি, আদিতমারী আলিম মাদ্রাসা, ডাক: ও উপজেলা: আদিতমারী, জেলা: লালমনিরহাট।
- ৪) অফিস, কপি



১২-১২-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক